

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০
প্রশাসন শাখা
www.probashi.gov.bd


নং- ৪৯.০০.০০০০.০১৫.৩৩.০০৩.১৭.৫৩৮

তারিখঃ ০৮ জুন ২০১৭

বিষয়ঃ প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের গত ০৯ মে ২০১৭ তারিখের সভার কার্যবিবরণী।

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের ০৯ মে ২০১৭ তারিখের সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে ০৪ (চার) পাতা


(মোহাম্মদ শাহীন) ০৮/৬/১৭

সদস্য-সচিব, ইনোভেশন টিম ও
উপসচিব

ফোন: ৪৯৩৫৭১০৮

ইমেইল: shaheen.moni2@gmail.com

বিতরণ: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১ অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (বাজেট), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ০২ যুগ্মসচিব/উপসচিব (প্রশাসন), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ০৩ যুগ্মসচিব/উপসচিব (মিশন), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ০৪ উপসচিব (কল্যাণ), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ০৫ উপপ্রধান (পরিচালনা), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ০৬ সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) সদয় জ্ঞাতার্থে:

- ০১ সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
[দৃ:আ: সিনিয়র সহকারী সচিব, ই-গভর্নেন্স শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ]
- ০২ মহাপরিচালক (প্রশাসন) ও প্রকল্প পরিচালক, এ টু আই কর্মসূচি, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
- ০৩ মহাপরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
- ০৪ ব্যবস্থাপনা পরিচালক, বোয়েসেল, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
- ০৫ মহাপরিচালক, ওয়েজ আর্নিস কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
- ০৬ ব্যবস্থাপনা পরিচালক, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
- ০৭ মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ০৮ সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ০৯ সিনিয়র সহকারী সচিব (সমন্বয় শাখা), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ১০ সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা
(ওয়েব সাইটে প্রকাশ করা সহ সংশ্লিষ্ট কর্মকর্তাদের ই-মেইলে প্রেরণ করার অনুরোধসহ)।
- ১১ অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ১২ অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
 প্রবাসী কল্যাণ ভবন
 ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০
 www.probashi.gov.bd

বিষয়ঃ প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের ০৯ মে ২০১৭ তারিখের সভার কার্যবিবরণী।

০১। সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো।

০২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার প্রারম্ভে তিনি ৩০ এপ্রিল ২০১৭ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠিত পর্যালোচনা সভার আলোচনা ও নির্দেশনার প্রেক্ষিতে ইনোভেশন কার্যক্রমকে জোরদার করার ওপর গুরুত্ব আরোপ করেন। উক্ত সভার নির্দেশনার প্রেক্ষিতে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য তিনি অত্র মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহকে অনুরোধ করেন। এছাড়া ই-ফাইলিং কার্যক্রম সক্রিয়ভাবে শুরু করার বিষয়েও তিনি সভায় উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করেন। এছাড়া মার্চ ২০১৭-এ মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠিত সভায় জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি)-র জন্য প্রস্তুতকৃত ইনোভেশন রোডম্যাপ এর বিষয়েও সভায় উপস্থিত বিএমইটি প্রতিনিধির দৃষ্টি আকর্ষণ করে তার প্রেক্ষিতে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের অনুরোধ করেন। তিনি বলেন যে, ওয়েজ আর্নাস ওয়েলফেয়ার বোর্ডের জন্যও অনুরূপ রোডম্যাপ প্রস্তুত করা হয়েছে। পরবর্তী সভায় উক্ত রোডম্যাপ এর বিষয়বস্তু উপস্থাপনের জন্য সভাপতি বিএমইটি প্রতিনিধিকে অনুরোধ করেন। অতঃপর তিনি বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০১৭ অনুসারে আলোচ্য বিষয় উপস্থাপনের জন্য ইনোভেশন কমিটির সদস্য-সচিবকে অনুরোধ করেন। সংস্থা/দপ্তরসমূহ হতে প্রাপ্ত প্রতিবেদন অনুসারে সদস্য-সচিব এ বছরের কর্মপরিকল্পনার আলোকে সার্বিক বিষয় উপস্থাপন করেন।

০৩। সভার আলোচনায় সকলের অংশগ্রহণে নিম্নোক্ত সিদ্ধান্ত/সুপারিশ গ্রহন করা হয়।


ক্রমিক নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত/সুপারিশ
৩.১	অভিবাসন প্রবণ জেলাসমূহে স্মার্ট কার্ড/বহির্গমন ছাড়পত্র প্রদান কার্যক্রম বিকেন্দ্রীকরণ।	চট্টগ্রামে এ কার্যক্রমটি পূর্ণাঙ্গভাবে বিকেন্দ্রীকরণ করা হয়েছে। মানিকগঞ্জ, সিলেট, যশোর, রাজশাহী, রংপুর, বগুড়া ও কুমিল্লায় এ কার্যক্রমটি পূর্ণাঙ্গভাবে বিকেন্দ্রীকরণের নিমিত্ত বুয়েটের কারিগরি সহায়তা চাওয়া হয়েছে। ওয়েজ আর্নাস ওয়েলফেয়ার বোর্ডের নিকট প্রয়োজনীয় অর্থ বরাদ্দ চাওয়া হয়েছে এবং এ বিষয়ে বিএমইটি ও ওয়েলফেয়ার বোর্ডের মধ্যে যৌথ সভা অনুষ্ঠিত হয়েছে। বিএমইটি কর্তৃক গৃহীতব্য প্রকল্প হতেও এ সংক্রান্ত ব্যয় নির্বাহের ব্যবস্থা করা যেতে পারে বলে সভায় অভিমত ব্যক্ত করা হয়।	১। গুরুত্বপূর্ণ এ সেবাটি আরও বিকেন্দ্রীকরণের নিমিত্ত প্রয়োজনীয় কার্যক্রম ত্বরান্বিত করার জন্য বিএমইটি এবং ওয়েজ আর্নাস ওয়েলফেয়ার বোর্ডকে পুনরায় অনুরোধ করা হয়। ২। মহাপরিচালক পর্যায়ে যৌথ সভার মাধ্যমে প্রয়োজনীয় বাজেট বরাদ্দ এবং অন্যান্য প্রক্রিয়া সম্পন্ন করার জন্য বিএমইটি ও ওয়েজ আর্নাস ওয়েলফেয়ার বোর্ডকে অনুরোধ করা হয়।
৩.২	বিদেশ গমনেচ্ছু কর্মীদের সেবা সহজীকরণ কার্যক্রমের ধারাবাহিকতায় আরো ১৫ টি ডিইএমও-তে ফিঙ্গারপ্রিন্ট কার্যক্রম চালুকরণের মাধ্যমে ২৫ টি ডিইএমও-তে এ	এ কার্যক্রম সম্প্রসারণ করার ফলে ২৫ টি জেলার বিদেশগামী কর্মীগণকে এ কাজে আর ঢাকায় আসতে হচ্ছে না। যে সকল জেলা হতে অধিক কর্মী গমন করে সে সকল জেলায় এ কার্যক্রম সম্প্রসারণের বিষয়ে সভায় অভিমত ব্যক্ত করা হয়। এ ছাড়া সদর দপ্তর হতে জেলা	১। এ সকল জেলার বিদেশগামী কর্মীগণের সর্বোচ্চ ও মানসম্পন্ন সেবা প্রাপ্তিতে মনিটরিং জোরদার করার বিষয়ে বিএমইটি-কে অনুরোধ করা হয়। ২। যে সকল জেলা হতে অধিক কর্মী গমন করে সে সকল জেলায় এ কার্যক্রম

	কার্যক্রম সম্প্রসারণ।	পর্যায়ে প্রদত্ত এ সেবা কার্যক্রম নিয়মিতভাবে মনিটরিংয়ের প্রয়োজনীয়তার বিষয়েও সভায় অভিমত ব্যক্ত করা হয়।	সম্প্রসারণের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য বিএমইটি-কে পুনরায় অনুরোধ করা হয়।
৩.৩	বিদেশে কর্মরত বাংলাদেশী কর্মীদের পোষ্যদের এনওসি প্রদান কার্যক্রম পর্যায়ক্রমে অভিবাসন প্রবণ জেলাসমূহে বিকেন্দ্রীকরণ।	বিদেশে কর্মরত বাংলাদেশী কর্মীদের পোষ্য বা নিকট আত্মীয়ের সে দেশে যাওয়ার ক্ষেত্রে এনওসি সেবা প্রদানের কার্যক্রমটি পর্যায়ক্রমে বিভাগীয় ও জেলা পর্যায়ে প্রদানের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ইতোমধ্যে চট্টগ্রাম ও সিলেটে এ সেবাটি প্রদান করা হচ্ছে বলে সভাকে অবহিত করা হয়।	বিদেশে কর্মরত বাংলাদেশী কর্মীদের পোষ্যদের বা নিকট আত্মীয়ের সে দেশে যাওয়ার ক্ষেত্রে এনওসি সেবা প্রদান কার্যক্রমটি পর্যায়ক্রমে অন্যান্য জেলায় সম্প্রসারণের জন্যেও বিএমইটি-কে অনুরোধ করা হয়।
৩.৪	যশোর টিটিসি কর্তৃক উদ্ভাবিত ডিজিটাল ম্যানেজমেন্ট সিস্টেম এর মাধ্যমে অন্যান্য টিটিসিতে প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়ন।	যশোর টিটিসি-তে উদ্ভাবিত প্রশিক্ষণে ছাত্র ভর্তি ব্যবস্থাপনার এ সিস্টেমটি পর্যায়ক্রমে দেশের অন্যান্য টিটিসি-তে replicate করে অনুরূপ কার্যক্রম পরিচালনার বিষয়ে সভায় পুনরায় অভিমত ব্যক্ত করা হয়।	যশোরে অনুসৃত ডিজিটাল ম্যানেজমেন্ট পদ্ধতি replicate করে প্রথম পর্যায়ে ৩ (তিন) টি টিটিসি-তে প্রশিক্ষণের ছাত্র ভর্তি কার্যক্রমে অনুরূপ পদ্ধতি পরিচালনার উদ্যোগ গ্রহণের জন্য বিএমইটি-কে পুনরায় অনুরোধ করা হয়।
৩.৫	ব্যুরোর ওয়েবসাইটে অধিক সংখ্যক প্রবাসী বাংলাদেশী কর্মী অধুষিত দেশসমূহের Country Specific Guideline প্রকাশ।	বিদেশ গমনেচ্ছু কর্মী এবং এ কার্যক্রমে সংশ্লিষ্ট ব্যক্তি/প্রতিষ্ঠানের সুবিধার্থে বর্তমানে যে সকল দেশে অধিক সংখ্যক বাংলাদেশী কর্মী গমন করে সে সকল দেশের Country Specific Guideline ওয়েবসাইটে প্রকাশ করার বিষয়ে সভায় পুনরায় গুরুত্বারোপ করা হয়। বর্তমানে ওমান, কাতার, বাহরাইনসহ ৫টি দেশের তথ্য বিএমইটি'র ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। এ সকল তথ্য আরো সুস্পষ্ট ও বিস্তারিত করার বিষয়ে সভায় অভিমত ব্যক্ত করা হয়।	১। ওয়েবসাইটে প্রদত্ত গাইডলাইন/তথ্য সমূহ আরো সুস্পষ্ট ও বিস্তারিত আকারে প্রকাশ করার জন্য বিএমইটি-কে অনুরোধ করা হয়। ২। অধিকসংখ্যক বাংলাদেশী কর্মী গমন করে এমন দেশের Country Specific Guideline ওয়েবসাইটে প্রকাশ করার কার্যক্রমটি অব্যাহত রাখার এবং গুরুত্বপূর্ণ তথ্য এতে সন্নিবেশ করার বিষয়ে বিএমইটি-কে অনুরোধ করা হয়।
৩.৬	বিএমইটি'র সদর দপ্তর এবং এর অধীনস্থ দপ্তরসমূহের প্রদেয় সেবাসমূহ সোশ্যাল মিডিয়ায় প্রচার।	একটি ফেইসবুক স্যোসাল মিডিয়া আনুষ্ঠানিকভাবে চালু করার পরিকল্পনা রয়েছে বলে বিএমইটি'র উপস্থিত কর্মকর্তা সভাকে অবহিত করেন। এ প্রসঙ্গে সভার সভাপতি বলেন যে, সকল পর্যায়ে দপ্তর/প্রতিষ্ঠানসমূহকে স্যোসাল মিডিয়ায় ব্যবহার করতে হবে। বিএমইটির ন্যায় এ মন্ত্রণালয়ের আওতাধীন অন্যান্য সংস্থাকেও এ বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য সভায় তাগিদ দেয়া হয়। বিএমইটি'র ওয়েবসাইটে ও স্যোসাল মিডিয়ায় একটি FAQ সংযোজনের মাধ্যমে প্রাথমিকভাবে কয়েকটি প্রশ্ন ও উত্তর সন্নিবেশের মাধ্যমে তা চালু করার বিষয়ে সভায় অভিমত ব্যক্ত করা হয়।	১। বিএমইটি'র অধীনস্থ দপ্তরসমূহে এবং অত্র মন্ত্রণালয়ের আওতাধীন ওয়েজ আর্নাস ওয়েলফেয়ার বোর্ড, বোয়েসেল ও প্রবাসী কল্যাণ ব্যাংক-কে স্যোসাল মিডিয়ায় ব্যবহার কার্যক্রম গ্রহণের কার্যকর ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে অনুরোধ করা হয়। ২। বিএমইটি'র ওয়েবসাইটে ও স্যোসাল মিডিয়ায় একটি FAQ সংযোজন এবং তার বিপরীতে কয়েকটি প্রশ্ন ও উত্তর সংযোজনের মাধ্যমে কার্যক্রমটি শুরু করার জন্য বিএমইটি-কে অনুরোধ করা হয়।
৩.৭	অভিযোগ ব্যবস্থাপনার পর্যায়ক্রমিক ধাপসমূহ এসএমএসের মাধ্যমে অবহিতকরণ।	অভিযোগ ব্যবস্থাপনা কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে RMRRU ও STEP প্রকল্পের সহায়তায় একটি সুসমন্বিত ব্যবস্থা গড়ে তোলার বিষয়ে সভায় অভিমত ব্যক্ত করা হয়। পাশাপাশি অভিযোগকারীকে এসএমএস-এ তথ্য প্রেরণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে বলে বিএমইটি'র সংশ্লিষ্ট কর্মকর্তা সভাকে অবহিত	১। অভিযোগ ব্যবস্থাপনা কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে RMRRU ও STEP প্রকল্পের সহায়তায় একটি সুসমন্বিত ব্যবস্থা গড়ে তোলার লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য বিএমইটি-কে অনুরোধ করা হয়। ২। অভিযোগ ব্যবস্থাপনা পদ্ধতিকে আরো

		করেন। এ কার্যক্রমে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক অনুসৃত পদ্ধতি অনুসরণ করার বিষয়ে সভাপতি আবাবারো পরামর্শ প্রদান করেন।	আধুনিক ও mechanized করার মাধ্যমে অভিযোগকারীকে আপডেট স্ট্যাটাস প্রদান এবং সেবা প্রদান কার্যক্রমকে আরো দ্রুত ও সহজীকরণের লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের অনুরোধ করা হয়।
৩.৮	বিএমইটির নিজস্ব আর্কাইভ সংরক্ষণ	এ কার্যক্রমটি বর্তমানে পর্যালোচনা পর্যায়ে রয়েছে। এ প্রসঙ্গে অন্যান্য প্রতিষ্ঠানের অনুরূপ কার্যক্রম হতে অভিজ্ঞতা গ্রহণের বিষয়ে সভায় পুনরায় অভিমত ব্যক্ত করা হয়। এ লক্ষ্যে ইনোভেশন টিমের সদস্যবৃন্দ কর্তৃক সম্মিলিতভাবে এক বা একাধিক আর্কাইভ সরেজমিন পরিদর্শনের বিষয়েও অভিমত ব্যক্ত করা হয়।	১। এ ধরনের কার্যক্রম সম্পন্ন করেছে এমন প্রতিষ্ঠানের অভিজ্ঞতা গ্রহণ এবং যথাযথ পর্যালোচনাপূর্বক এ কার্যক্রমটি শুরু করার অনুরোধ করা হয়। ২। ইনোভেশন টিমের সদস্যবৃন্দ কর্তৃক বিদ্যমান ভাল কোন আর্কাইভ সরেজমিন পরিদর্শনের অনুরোধ করা হয়।
৩.৯	বৈদেশিক কর্মসংস্থান নিয়ে বিদেশ গমনকারী নারী কর্মীদের সংখ্যা আরো বৃদ্ধির লক্ষ্যে প্রাতিষ্ঠানিক শিক্ষা কার্যক্রমের পাশাপাশি বিদেশ গমনেচ্ছু নারী কর্মীদের ই-লার্ণিং পদ্ধতিতে গৃহকর্মী পেশায় প্রশিক্ষণ প্রদান কার্যক্রম অন্যান্য জেলায় সম্প্রসারণ।	বর্তমানে এ কার্যক্রমটি ২৬ টি জেলার টিটিসি-তে সম্প্রসারণ করা হয়েছে বলে সভাকে অবহিত করা হয়। সভাপতি বলেন যে, Kyosk মেশিন স্থাপন করে তার মাধ্যমেও এ বিষয়গুলো সর্বসাধারণের ডাউনলোডের সুবিধার্থে সরবরাহ করা যেতে পারে। ইতোমধ্যে ২ (দুই) টি Kyosk মেশিন সংগ্রহের প্রক্রিয়া সম্পন্ন হয়েছে বলে বিএমইটি প্রতিনিধি সভাকে জানান।	১। পর্যায়ক্রমে অন্যান্য টিটিসিতেও বিদেশ গমনেচ্ছু নারী কর্মীদের ই-লার্ণিং পদ্ধতিতে গৃহকর্মী পেশায় প্রশিক্ষণ প্রদান কার্যক্রম পরিচালনার ব্যবস্থা করার জন্য বিএমইটি-কে অনুরোধ করা হয়। ২। DEMO অফিস এবং টিটিসিসমূহে Kyosk মেশিন স্থাপন করে তার মাধ্যমেও এ বিষয়গুলো সর্বসাধারণের ডাউনলোডের সুবিধার্থে সরবরাহ এবং এটি আরো কার্যকরভাবে ব্যবহারের ব্যবস্থা করার অনুরোধ করা হয়।
৩.১০	ই-লার্ণিং ডেভলপমেন্ট শীর্ষক পাইলট প্রকল্পের আওতায় আরো ৫ টি ট্রেড যথাক্রমেঃ আটোমোবাইল, আরএসি, ইলেকট্রিক্যাল, মেকানিক্যাল ও গার্মেন্টস ই-লার্ণিং প্লাটফর্মের আওতায় বাস্তবায়ন।	ই-লার্ণিং প্লাটফর্মের আওতায় আটোমোবাইল, আরএসি, ইলেকট্রিক্যাল, মেকানিক্যাল ও গার্মেন্টস -এ ৫টি ট্রেড এর কন্টেন্ট প্রস্তুতের কাজ চলছে বলে সভাকে অবহিত করা হয়।	কার্যক্রমটি ত্বরান্বিত করার এবং এর যথাযথ ব্যবহারের লক্ষ্যে প্রচারণাসহ ব্রিফিং প্রদানের সময় এবং হাউজমেইট প্রশিক্ষার্থীদের প্রশিক্ষণের সময় এ বিষয়টি বিস্তারিত আলোচনা করার কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য পুনরায় অনুরোধ করা হয়।
৩.১১*	বিবিধ*	বিএমইটির ওয়েবসাইটটি ন্যাশনাল পোর্টালের সাথে সামঞ্জস্য করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। ওয়েবসাইটটিতে অনলাইন অভিযোগ ব্যবস্থাপনা প্রক্রিয়াটির আরো উন্নয়নের বিষয়েও সভায় অভিমত ব্যক্ত করা হয়। বিএমইটি, ওয়েলফেয়ার বোর্ড, বোয়েসেল ও প্রবাসী কল্যাণ ব্যাংকের প্রতিনিধিবৃন্দকে প্রয়োজনীয় তথ্যাদিসহ ইনোভেশন টিমের পরবর্তী সভায় গুরুত্বপূর্ণ বিষয়সমূহ উপস্থাপনের আহবান জানানো হয়। এ মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার ইনোভেশন টিমের মাসিক সভা নিয়মিতভাবে	১। বিএমইটির ওয়েবসাইটটি ন্যাশনাল পোর্টালের সাথে সামঞ্জস্য করা এবং ওয়েবসাইটটিতে অনলাইন অভিযোগ ব্যবস্থাপনা প্রক্রিয়াটির আরো উন্নয়নে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের অনুরোধ করা হয়। ২। বিএমইটি, ওয়েলফেয়ার বোর্ড, বোয়েসেল ও প্রবাসী কল্যাণ ব্যাংকের প্রতিনিধিবৃন্দকে প্রয়োজনীয় তথ্যাদিসহ ইনোভেশন টিমের পরবর্তী সভায় গুরুত্বপূর্ণ বিষয়সমূহ উপস্থাপনের আহবান জানানো হয়। ৩। স্ব স্ব সংস্থা/দপ্তরের ইনোভেশন টিমের মাসিক সভা নিয়মিতভাবে সম্পন্ন করার

		<p>আয়োজনের বিষয়ে তাগিদ প্রদান করা হয়। দপ্তর সংস্থার ইনোভেশন টিম গঠন এবং সংশ্লিষ্ট কার্যক্রম পরিচালনার বিষয়ে সভায় গুরুত্ব আরোপ করা হয়।</p>	<p>অনুরোধ করা হয়। ৪। বিএমইটি'র আওতাধীন টিটিসিসমূহে কার্যক্রম পরিচালনার নিমিত্ত ইনোভেশন টিম গঠনের অনুরোধ করা হয়। ৫। টিটিসিসমূহে তাদের ইন্সট্রাক্টরদের জন্য পরিচালিত Pedagogy ও অন্যান্য প্রশিক্ষণ কার্যক্রমে ইনোভেশন কার্যক্রম অন্তর্ভুক্তির অনুরোধ করা হয়।</p>
--	--	---	---

আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত কর্মকর্তাগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(জাবেদ আহমেদ)

সভার সভাপতি ও চিফ ইনোভেশন অফিসার
অতিরিক্ত সচিব (প্রশাসন)
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়